

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের
উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারী, প্রযুক্তি গ্রহণকারী খামারী, অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ গ্রহণকারী খামারী ও
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন গাইডলাইনঃ

১। উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-

- ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, প্রায় ১০ (দশ) শতাংশ ঘাস চাষের উপযোগী জমি (তিন ফসলী জমি ব্যতীত, পতিত বা অনাবাদী জমি) আছে বা বর্গাচাষী হিসাবে চাষ করছেন যেখানে প্রকল্পের আওতায় অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ করতে আগ্রহী।
- খ) অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষে আগ্রহী, উৎপাদিত ঘাস ক্রয়-বিক্রয়ে আগ্রহী এবং প্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
- গ) ঘাস চাষের জন্য প্রকল্পের অর্থায়নে প্রকল্পের নিয়মানুযায়ী ঘাস চাষ করতে আগ্রহী।
- ঘ) অন্ততঃ ১০(দশ) শতক জমিতে উন্নত জাতের ঘাস চাষের জন্য চুক্তির মাধ্যমে ৫০০০/- টাকা করে ২ (দুই) কিস্তিতে মোট ১০,০০০/- অনুদানের মাধ্যমে প্রকল্পের নিয়মানুযায়ী ঘাস চাষে আগ্রহী হতে হবে।

২। প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-

- ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ ও উৎপাদিত ঘাস ক্রয়-বিক্রয়ে এবং প্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
- খ) প্রাণিখাদ্যের মান উন্নয়ন ও সংরক্ষণ প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার বিশেষ করে সবুজ ঘাস সংরক্ষণ প্রযুক্তি “সাইলেজ” ও “হে” সংক্রান্ত ২ (দুই) টি প্রযুক্তির যেকোন একটি প্রযুক্তি প্রকল্পের অর্থায়নে হাতে-কলমে শিখতে ও ব্যবহার করতে আগ্রহী।


৩। উন্নত জাতের ঘাসের বীজ / কাটিং গ্রহণকারী খামারী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-

- ক) নির্বাচিত খামারীর গবাদিপশু আছে, কমপক্ষে ১০ শতাংশ ঘাস চাষের উপযোগী জমি (তিন ফসলী জমি ব্যতীত পতিত বা অনুর্বর জমি) আছে বা বর্গাচাষী হিসাবে চাষ করছেন যেখানে প্রকল্পের আওতায় অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ করতে আগ্রহী।
- খ) অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ ও প্রাণিপুষ্টি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী।
- গ) উন্নত জাতের ঘাসের বীজ / কাটিং গ্রহণকারী খামারী নিজ খরচে ঘাস চাষ, সংরক্ষণ, প্রদর্শন ও অন্যান্য খামারীকে বীজ/ কাটিং বিতরণে আগ্রহী হতে হবে।

৪। কমিউনিটি এক্সটেনশন এজেন্টঃ কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলি বিবেচনায় রেখে নির্বাচন করতে হবেঃ-

- ক) মাসিক ১৫০০০/- (পনের হাজার) টাকা ভাতায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্টেম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
- খ) সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- গ) নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
- ঘ) উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/ বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
- ঙ) প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।

বিঃদ্রঃ সকল প্রকার বেনিফিসিয়ারী নির্বাচনে ন্যূনতম শতকরা ৩০ ভাগ মহিলা অন্তর্ভুক্ত করতে হবে।


(মোঃ আমজাদ হোসেন ভূঞা)
প্রকল্প পরিচালক

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
e-mail: andfcdls@gmail.com